দৈনিক
ইত্তেফাক

তারিখ: 23 JUN 2016
পৃ: ৮ কলাম: 2

# স্কুলের জন্য সহযোগিতা চাই

চাঁদপুর জেলার কচুয়া উপজেলার বাঁচাইয়া-নয়াকান্দি সবচেয়ে কাছের যে স্কুলটি সেটিও প্রায় চার মাইল দূরে অবস্থিত। ফলে আমাদের মেয়েরা পথে-ঘাটে বখাটে ছেলেদের দ্বারা উত্ত্যক্ত হতো। এহেন অবস্থায় এলাকার কিছু শিক্ষানুরাগী স্কুল-কলেজ পড়ুয়া তরুণ উদ্যোক্তা একটি স্কুল স্থাপন করে, যার বয়স আজ প্রায় দশ বছর হতে চলল। বিএনডি. ফোরাম হাইস্কুলের (বাঁচাইয়া+নয়াকান্দি ডেভেলপমেন্ট ফোরাম হাইস্কুল) শিক্ষার্থীরা স্থানীয়, উপজেলা ও জেলা পর্যায়ের বিভিন্ন বৃত্তিমূলক পরীক্ষাগুলোতে ঈর্ষণীয় ফলাফল করছে ও কৃতিত্বের স্বাক্ষর রাখছে। এত সফলতার পরও স্কুলটির চোখে পড়ার মতো নেই কোনো অবকাঠামো। দুটি দু'চালা ঘরে গাদাগাদি করে ছাত্রছাত্রীদের পাঠদান করতে হয়। পড়াশোনার পাশাপাশি শিক্ষার্থীদের নির্মল বিনোদনের জন্য নেই খেলার মাঠ। আর্থিক দুরবস্থার কারণে শিক্ষকদেরও প্রাপ্য সম্মানী দেওয়া যাচ্ছে না। দুঃখজনক হলেও সত্যি যে স্কুলটির অবকাঠামোমূলক উন্নয়নের জন্য এ পর্যন্ত সরকারি-বেসরকারি কোনো অনুদান পাওয়া যায়নি। আমাদের জাতীয় বাজেটে শিক্ষাখাতেই সর্বোচ্চ বরাদ্দ। আমরা আশাকরি সরকার আমাদের এই স্কুলটির সার্বিক উন্নয়নে তার সহায়তার হাত বাড়িয়ে দেবে।

**মিলন সরকার,**
বাঁচাইয়া, পালাখাল, কচুয়া, চাঁদপুর